

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
কৃষি অর্থনীতি গবেষণা (এইআর) অধিশাখা

নং ১২.০৩২.০৪০.০৭.০০.০১১.২০১১/৩৪

তারিখঃ ০২ মে, ২০১১ খ্রিঃ

বিষয়ঃ “সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯” এর ৫.৪ নং অনুচ্ছেদ সংশোধন প্রসঙ্গে


“সার বিষয়ক জাতীয় সমন্বয় ও পরামর্শক কমিটি”র ১৭তম সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী সার ডিলারশীপ মালিকানা হস্তান্তর বিষয়ে “সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯” এর ৫.৪ নং অনুচ্ছেদ আদিষ্ট হয়ে নিম্নলিখিত ভাবে সংশোধন করা হলো :

অনুচ্ছেদ নং ৫.৪ ডিলারশীপ হস্তান্তর প্রক্রিয়া :

নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করে ডিলারশীপ হস্তান্তরের আবেদন বিবেচনা করা যাবেঃ

- ৫.৪.১ ডিলারের মৃত্যুজনিত কারণে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট থেকে প্রাপ্ত ওয়ারিশ সনদের ভিত্তিতে ডিলারের একজন বৈধ ওয়ারিশের নামে ডিলারশীপ হস্তান্তর করা যাবে। এক্ষেত্রে, একাধিক বৈধ ওয়ারিশ থাকলে অন্যান্য ওয়ারিশগণের না দাবী/ অনাপত্তি পত্র দাখিল করতে হবে;
- ৫.৪.২ মৃত্যু ব্যতীত ডিলার গুরুতর অসুস্থ, শারীরিকভাবে অক্ষম বা চলৎশক্তিহীন হয়ে পড়লেও ডিলারশীপ হস্তান্তরের আবেদন বিবেচনা করা যাবে। এক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী পূরণ ও কাগজপত্র দাখিল করতে হবে :
 - (ক) এ ধরনের হস্তান্তর কেবলমাত্র ডিলারের পরিবারের সদস্যদের (স্বামী বা স্ত্রী/প্রাপ্তবয়স্ক ছেলে বা মেয়ে) মধ্যে সীমাবদ্ধ থাকবে। তবে প্রয়োজ্য ক্ষেত্রে স্বামী/স্ত্রী অগ্রাধিকার পাবে;
 - (খ) গুরুতর অসুস্থ/শারীরিকভাবে অক্ষম/চলৎশক্তিহীন হওয়ার সপক্ষে জেলার সিভিল সার্জন বা মেডিক্যাল বোর্ডের মূল সনদ সংযুক্ত থাকতে হবে;
 - (গ) ডিলারশীপ হস্তান্তরের জন্য মনোনীত ব্যক্তির জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ছায়ািলিপি দাখিল করতে হবে;
 - (ঘ) ডিলার গুরুতর অসুস্থ/শারীরিকভাবে অক্ষম/চলৎশক্তিহীন হলে তাঁর মনোনীত ব্যক্তির নামে ডিলারশীপ হস্তান্তরের আবেদনের সাথে ডিলারের সাথে সম্পর্কের (স্বামী বা স্ত্রী, ছেলে বা মেয়ে) সপক্ষে প্রমাণ হিসেবে জন্ম নিবন্ধন সনদ বা এসএসসি/সমমানের পরীক্ষার সনদের সত্যায়িত ছায়ািলিপি দাখিল করতে হবে। ডিলারের স্বামী বা স্ত্রী ও একাধিক সন্তান থাকলে পরিবারের একজনের নামে ডিলারশীপ হস্তান্তরের আবেদনের সাথে স্বামী/স্ত্রী ও অন্যান্য সন্তানের অনাপত্তি এফিডেভিড মূলে দাখিল করতে হবে;
 - (ঙ) মনোনীত ব্যক্তির নিকট ডিলারশীপ হস্তান্তর করা হলে সাধারণভাবে তা অপরিবর্তনীয় হবে;
 - (চ) ডিলারশীপ হস্তান্তর প্রস্তাব অনুমোদিত হলে মূল ডিলার কর্তৃক জমাকৃত জামানতের অর্থ বহাল থাকবে তবে নতুন ব্যক্তির সাথে প্রচলিত বিধি অনুযায়ী পুনরায় চুক্তি সম্পাদন করতে হবে;
 - (ছ) সংশ্লিষ্ট উপজেলা ও জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সুপারিশের ভিত্তিতে বিসিআইসি ডিলারশীপ হস্তান্তরের প্রস্তাব অনুমোদন করবে।

বর্ণিত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।


২/০৫/১১
(শাহনাজ আক্তার)
গবেষণা অফিসার
ফোন-৯৫৬২৩৬৯

বিতরণঃ

- ঃ জেলা প্রশাসক ও সভাপতি জেলা সার ও বীজ মনিটরিং কমিটি (সকল)
- (সংশ্লিষ্ট সকল উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান, পৌরসভার মেয়র ও কাউন্সিলর, ইউপি চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসারদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ঃ উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ ও সদস্য সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি (সকল)

অনুলিপিঃ (জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ঃ সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা
- ঃ চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, মতিঝিল, ঢাকা (বিগত ১৪/০২/২০১১ তারিখের বিসিআইসি/বিপণন/ডিসি/সার-১৪৮(সাতক্ষীরা)/৫৫ স্মারকে চাহিত মতামতের প্রেক্ষিতে বর্ণিত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
- ঃ মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা
- ঃ বিভাগীয় কমিশনার, (সকল)-----
- ঃ অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ (সকল)-----
- ঃ মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ঃ মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা
- ঃ সচিবের একান্ত সচিব কৃষি মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয় ঢাকা